গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা বিষয়ক (জুম মিটিং) সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ ফসিউল্লাহ্, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ৩০ জুন, ২০২০

সময় : রাত ৮:০০ টায়

অংশগ্রহণকারী : সকল সদস্য, **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের** জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা কমিটি ।

আলোচ্য বিষয়:

১. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন ।
২. 'শুদ্ধাচার কর্মপরিকল্পনা' ২০২০-২০২১ অনুমোদন;
৩. বিবিধ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা বিষয়ক কমিটির সভাপতি, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সভাপতিত্বে অনলাইনে অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব রোখসানা হায়দার, শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন । | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ ২০২০) এবং চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল- জুন ২০২০) সভায় উপস্থাপন করা হয় । উপস্থাপিত কর্মপরিকল্পনার ক্রমিক নং ২ এ প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমগুলো করোনা পরিস্থিতির কারণে শতভাগ অর্জন করা সম্ভব হয়নি মর্মে উপপরিচালক (সংস্থাপন) সভায় অবহিত করেন। পরবর্তী অর্থ বছরে প্রশিক্ষণগুলো প্রয়োজনে ভার্চুয়ালী করার বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। বিগত অর্থ বছরে শুদ্ধাচার সংক্রান্ত অন্যান্য কার্যক্রমগুলো যথা সময়ে সম্পন্ন করা হয়েছে। । বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে চলতি অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর জন্য একটি সুনির্দিষ্ট এবং গঠনমূলক পরিকল্পনা প্রণয়নে সভাপতি সকল সদস্যকে অনুরোধ জনান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর তৃতীয় এবং চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়ন : উপপরিচালক (সংস্থাপন)। |
| ২. | ২০২০-২১ অর্থ বছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুমোদন | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২০২০-২১ অর্থ বছরের জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনার খসড়া ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয় । কর্মপরিকল্পনার ২ নং ক্রমিকে যে সকল প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে । সেগুলি প্রয়োজনে অনলাইনে করার বিষয়ে আলোচনা করা হয় । এছাড়া কর্মপরিকল্পনা অনুসারে প্রত্যেক লাইন ডিভিশন থেকে ন্যূনতম একটি/ একাধিক সেবার তালিকা সংগ্রহ এবং সহজীকরণের উদ্যোগ নিতে পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন। কর্মপরিকল্পনার ৬ নং ক্রমিকের কার্যক্রমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রকল্পের কার্যক্রম সমূহ প্রতি ত্রৈমাসিকে একবার করে পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়। | ২০২০-২১ অর্থ বছরের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়।<br>কার্যক্রমগুলো বাস্তবায়নে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:<br>❖ প্রশিক্ষণ কার্যক্রমগুলো অনলাইন/ অফলাইনে সমাপ্ত করতে হবে।<br>❖ আগামী ১৫.০৭.২০২০ তারিখের মধ্যে সেবাসহজীকরণের তালিকা পরিচালকগণ, মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন।<br>❖ কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ বাস্তবায়নে পরিচালক(অর্থ) প্রয়োজনীয় অর্থ-বরাদ্দের ব্যবস্থা নিবেন। |

D:\শুদ্ধাচার 2019-2020\শুদ্ধাচার রেজুলেশন 26.12.2019.docx

| | | | |
|---|---|---|---|
| | | এছাড়া প্রতিটি শাখপ্রধানগণ (সহকারী পরিচালক থেকে পরিচালক পর্যন্ত) স্ব-স্ব শাখা পরিদর্শন করে মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রতিবেদন প্রদান করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। কর্মপরিকল্পনার কার্যক্রম গুলো বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখার জন্য পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় মহাপরিচালক দাপ্তরিক চিঠিপত্র স্ক্যান করে ডকেটিং এবং নথি ই-ফাইলে নিষ্পত্তি করে পত্রজারীর বিষয়ে তাগিদ দেন। এছাড়া প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট হালনাগাদ করার জন্য পরিচালক (আইএমডি), কে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গেটে স্থাপিত হেল্প ডেস্কটি অধিকতর সেবাবান্ধব করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন। এছাড়া মাঠ পর্যায়ে কর্মরত শিক্ষকদের প্রতি তিন বছর পর পর শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরী এবং যথাসময়ে বরাদ্দ প্রদানে ব্যবস্থা নিতে তিনি পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ) এর দৃষ্টি আকর্ষণ করেন। কর্মকর্তাদের এসিআর সংরক্ষণে একটি সফটওয়্যার তৈরি করার প্রস্তাব করা হয়। যার মাধ্যমে কর্মকর্তারা তাদের এসিআর জমা হওয়ার তথ্য সহজেই জানতে পারে। কর্মপরিকল্পনায় বিষয় গুলো অন্তর্ভূক্তিকরণ এবং তা বাস্তবায়নে সভাপতি সকল সদস্যকে আন্তরিকভাবে কাজ করার আহব্বান জানান। | ❖ প্রকল্পসমূহের কার্যক্রম প্রতি ত্রৈমাসিকে একবার করে পরিদর্শন করা হবে।<br>❖ শাখা প্রধানগণ তাদের স্ব-স্ব শাখা প্রতি দুই মাসে একবার করে পরিদর্শণ করে পরবর্তী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে মহাপরিচালক বরাবর প্রতিবেদন পেশ করবেন।<br>❖ দাপ্তরিক ডাকসমূহ স্ক্যান করে ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।<br>❖ ওয়েব সাইডে তথ্যাদি হালনাগাদ করতে হবে।<br>❖ হেল্প ডেস্কটি অধিকতর সেবাবান্ধব করতে হবে।<br>❖ শিক্ষকদের প্রতি তিন বছর পর পর শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরের ব্যবস্থা ও প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করতে হবে। কাজটি সহজীকরণে একটি সফটওয়্যার তৈরি করতে হবে।<br>❖ কর্মকর্তাদের এসিআর জমা হওয়া সংক্রান্ত একটি সফটওয়্যার প্রণয়ন করতে হবে।<br>বাস্তবায়ন: সংশ্লিষ্ট সকল পরিচালক। |

৩ বিবিধ বিষয়ে আলোচনায় মহাপরিচালক, পরিচালক (প্রশাসন) কে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মপরিকল্পনাটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট পরিচালকগণকে একটি ইউওনোট প্রদানের বিষয়ে অনুরোধ জানিয়ে সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

৩০/৬/২০২০

( মোঃ ফসিউল্লাহ্ )
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২০২০- ৬৫

তারিখ: ১৭ আষাঢ় , ১৪২৭
০১ জুলাই , ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপপরিচালক (প্রশাসন), সংস্থাপন/ বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৫। সহকারী পরিচালক (অর্থ ও রাজস্ব) , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৬। সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৭। জনাব ...................................................................., সদস্য ইনোভেশন টীম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৮। মহাপরিচালকের ব্যাক্তিগত সহকারী ( মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
৯। অফিস কপি।

১/৭/২০২০

মো: দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)